মুজিবনগরে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা পুরস্কার বিতরণী অনুষ্ঠান

মেহেরপুরের মুজিবনগরে ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১২টায় উপজেলা স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি আয়োজনে উপজেলা পরিষদের খেলার মাঠে মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদের সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ২ দিনব্যাপী ৫টি ইভেন্টে প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

২ দিনব্যাপী ৫টি ইভেন্টে প্রতিযোগিতায় বিজয়ীরা হলেন, বালক ফুটবল খেলায় প্রথম স্থান অধিকার করেন আনন্দবাস মিয়া মনসুর একাডেমি এবং দ্বিতীয় স্থান অধিকার করেন দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। বালিকা ফুটবল খেলায় প্রথম স্থান অধিকার করেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়।

বালক হ্যান্ডবল প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়। বালিকা হ্যান্ডবল প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

ছোট বালক দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন রবিউল হক রিজভী, জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন বাগোয়ন মাধ্যমিক বিদ্যালয়। ছোট বালিকা দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন ফারিহা তাসনিম, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আফিফা খাতুন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

বড় বালক দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন নাফিজ ইমতিয়াজ,

মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আকিব ফুয়াদ, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। বড় বালিকা দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন সামিয়া আফরিন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

সাঁতার প্রতিযোগিতায় ১০০ মিটার চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন শহিদুল ইসলাম, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আশরাফুল আলম, মানিকনগর ডি. এম. আমিনিয়া আরাবি মাদ্রাসা। ২০০ মিটার মুক্ত সাঁতারে প্রথম স্থান অধিকার করেন সালমান শাহরিয়ার, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মামুন হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়।

ছোট বালিকা মুক্ত সাঁতার প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন মনিরা খাতুন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন জান্নাতুল খাদিজা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন জান্নাতুল খাদিজা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মনিকা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

বালিকা বুক সাঁতারে প্রথম স্থান অধিকার করেন জান্নাতুল খাদিজা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মনিকা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। বালিকা প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন নুসরাত জাহান তিথি, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন লাবিবা খাতুন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর।

বড় বালিকা মুক্ত সাঁতারে প্রথম স্থান অধিকার করেন রাজিয়া খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মেরিনা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। বড় বালিকা চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন মেরিনা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন রাজিয়া খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

বড় বালিকা প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন মিতালী খাতুন, মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন সুরাইয়া আক্তার, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়।

কাবাডি বালক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন আনন্দবাস মিয়া মনসুর একাডেমি, দ্বিতীয় স্থান অধিকার করেন মুজিবনগর সরকারি

মাধ্যমিক বিদ্যালয়। কাবাডি বালিকা প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়।

মুক্ত সাঁতার ছোট বালক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন আশিকুর রহমান, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন ইখলাস শেখ, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর।

বালক প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন লিয়ন হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন লিজল হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। বালক বুক সাঁতারে প্রথম স্থান অধিকার করেন আশিকুর রহমান, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন ইয়াসিন আরাফাত, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়।

বালক চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন ইয়াসিন আরাফাত, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন জিহাদ আলী, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর। বড় বালক মুক্ত সাঁতারে প্রথম স্থান অধিকার করেন আশরাফুল ইসলাম, মানিকনগর ডি. এম. আমিনিয়া আরাবি মাদ্রাসা, দ্বিতীয় স্থান অধিকার করেন সাদিকুল ইসলাম, আনন্দবাস মিয়া মনসুর একাডেমি।

বড় বালক প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন শহিদুল ইসলাম, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আশরাফুল ইসলাম, মানিকনগর ডি. এম. আমিনিয়া আরাবি মাদ্রাসা।

বড় বালক ১০০ মিটার বুক সাঁতার প্রতিযোগিতায়ও প্রথম স্থান অধিকার করে।

পাকিস্তানকে হারিয়ে ফাইনালে বাংলাদেশ

সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপে ফাইনালে উঠেছে বাংলাদেশ।

কলম্বোয় পাকিস্তানকে ২-০ ব্যবধানে হারিয়েছে বাংলাদেশের যুবারা। দলের হয়ে গোল দুটি করেছেন নাজমুল হুদা ফয়সাল ও অপু রহমান। সেমিফাইনাল খেলতে নেমে তৃতীয় মিনিটে উচ্ছ্বাসে মাতে বাংলাদেশ।

বাংলাদেশকে প্রথম লিড এনে দেন অধিনায়ক নাজমুল। তবে নাজমুলের গোলের পেছনে বড় অবদান পাকিস্তানের গোলরক্ষকের। সামার রাজ্জাকের ভুলে বল পান অপু। সেই বল পেয়েই নাজমুলকে পাস বাড়ান তিনি।

ভুলের প্রায়শ্চিত্ত করতে দ্রুত নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টা করলেও নাজমুলকে গোলকে বঞ্চিত করতে পারেননি পাকিস্তানের গোলরক্ষক। ফিরতি মিনিটে এবার বাংলাদেশের জয়ের দ্বিতীয় গোল এনে দেন অপু। একক নৈপুণ্যে প্রতিপক্ষের দুই ডিফেন্ডারের মাঝ দিয়ে বলকে জালে জড়িয়ে দেন তিনি। ম্যাচের ১৩ মিনিটে আরেকটি গোল পেতে পারত বাংলাদেশ।

তবে জালের দেখা পাওয়া নাজমুলের গোলটি অফসাইডের কারণে বাতিল হয়ে যায়। একই কারণে বাতিল হয়ে যায় আব্দুল্লাহর গোলও।
পরে আর কোনো গোল না হলে ২-০ ব্যবধানে ফাইনাল নিশ্চিত করে বাংলাদেশ। তবে দুই দলই বেশ কিছু আক্রমণ করেছিল। ফরোয়ার্ডদের শট অল্পের জন্য কখনো জালের দেখা পায়নি কিংবা গোলরক্ষক সেভ করেছেন কর্নারের বিনিময়ে।

আগামী ২৭ সেপ্টেম্বরের ফাইনালে বাংলাদেশের প্রতিপক্ষকে তা আজই জানা যাবে। নেপাল-ভারতের মধ্যে যারাই জিতবে তারাই ফাইনালে বাংলাদেশের প্রতিপক্ষ হবে।

ফুটবলের মতোই আজ ক্রিকেটের ফাইনালে ওঠার লড়াইয়ে নামবে বাংলাদেশ-পাকিস্তান। এশিয়া কাপে নিজেদের শেষ চারের মুখোমুখি দেখায় যে দল জিতবে তারা আগামী ২৮ সেপ্টেম্বর ভারতের বিপক্ষে ফাইনাল খেলবে।

সূত্র: কালের কন্ঠ

মেহেরপুরে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ

মেহেরপুরে ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সমাপনী অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এবারের প্রতিযোগিতার মূল প্রতিপাদ্য ছিল “তারুণ্যের উৎসব ২০২৫ নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে”।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম।

দিনব্যাপী নানা ইভেন্ট শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। আয়োজনে ছিল বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি, মেহেরপুর সদর।

হরিণাকুণ্ডুতে গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজন স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অংশ গ্রহনে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৫২ তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

সোমবার (২২ সেপ্টেম্বর) উপজেলার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ মাঠে উপজেলা নির্বাহী অফিসার বি এম তারিক-উজ-জামান এ প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন।

হরিণাকুণ্ডু উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাঃ আব্দুল বারী’র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ঈষিতা আক্তার, হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ শহিদুল ইসলাম হাওলাদার।

এছাড়াও উপজেলার বিভিন্ন স্কুল মাদ্রাসার প্রধাান শিক্ষক, সুপার, ক্রীড়া শিক্ষকসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ, উপজেলার আট ইউনিয়নের ৮টি ভ্যানু ও পৌরসভা থেকে বিজয়ী দল খেলোয়াড়রা উপজেলা পর্যায়ের এই খেলায় অংশগ্রহন করবেন। এর আগে ৭দিন ব্যাপী ইউনিয়ন পর্যায়ে এই প্রতিযোগিতা শুরু হয়। প্রতিযোগিতায় ফুটবল, হ্যান্ডবল, কাবাডি, দাবা ও সাঁতারসহ বিভিন্ন ইভেন্টে স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীরা অংশ গ্রহন করছে।

সাকিবকে ছুঁয়ে ফেললেন মুস্তাফিজ, টপকে গেলেন লিটন

এশিয়া কাপের সুপার ফোরে শ্রীলঙ্কাকে ৪ উইকেটে হারিয়েছে বাংলাদেশ। শ্রীলঙ্কার দেওয়া ১৬৯ রানের লক্ষ্য টাইগাররা ১ বল হাতে রেখে টপকে যায়। দলের জয়ে নেতৃত্ব দেন দুই ফিফটি করা ব্যাটসম্যান, সাইফ হাসান ও তাওহিদ হৃদয়।

তবে এই জয়ের আগে বল হাতে দারুণ নৈপুণ্য দেখান মুস্তাফিজুর রহমান।

মাত্র ৪ ওভারে ২০ রান খরচায় তিনটি গুরুত্বপূর্ণ উইকেট নেন এই পেসার।
তিন উইকেট নেওয়ার মাধ্যমে মুস্তাফিজ আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে বাংলাদেশি অলরাউন্ডার সাকিব আল হাসানের সমান হন। এখন দুজনেরই

আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে উইকেট সংখ্যা ১৪৯। তবে মুস্তাফিজ এই উইকেট পেয়েছেন ১১৭ ম্যাচে, যেখানে সাকিব খেলেছেন ১২৯ ম্যাচ।

মুস্তাফিজ তার উইকেটের খাতা খুলেন ১৪তম ওভারে কুশাল পেরেরাকে আউট করে। পরে ১৯তম ওভারে আরো দুটি উইকেট নেন তিনি। চতুর্থ বলে কামিন্দু মেন্ডিসকে লিটনের হাতে ক্যাচ বানান। নিজের শেষ বলে হাসারাঙ্গাকে আউট করে তিন উইকেটের কোটা পূর্ণ করেন।

রান তাড়া করার পথে ১৬ বলে ২৩ রান করেন লিটন দাস। এই রান করার মাধ্যমে তিনি টি-টোয়েন্টিতে বাংলাদেশের সর্বোচ্চ রানের মালিক হন। বর্তমানে তার আন্তর্জাতিক টি-টোয়েন্টি রানের সংখ্যা ২৫৫৬, যা পেছনে ফেলে দিয়েছে সাকিব আল হাসানকে (২৫৫১ রান)।

সূত্র: কালের কন্ঠ

সেই শ্রীলঙ্কার বিপক্ষে একাদশে বদল আনবে বাংলাদেশ?

এই শ্রীলঙ্কার বিপক্ষে গ্রুপ পর্বে একবার দেখা হয়েছে বাংলাদেশের। সে স্মৃতি খুব সুখের নয় দলের জন্য। সেই শ্রীলঙ্কার বিপক্ষে আজ সুপার ফোরের ম্যাচে মুখোমুখি লিটন দাসের দল। এই ম্যাচে একাদশে পরিবর্তন আসতে পারে অন্তত একটি।

আফগানিস্তানের বিপক্ষে ৪ বোলার নিয়ে খেলেছিল বাংলাদেশ। সাইফ হাসান আর শামীম পাটোয়ারী মিলে ৪ ওভারে ৫৫ রান দিয়ে বুঝিয়ে দিয়েছেন, এই সিদ্ধান্ত মোটেও কার্যকর কিছুই ছিল না।

আজ সে ভুল করছে না বাংলাদেশ। অন্তত একটা পরিবর্তন তাই অবধারিতই। সে পরিবর্তনটা কোন পজিশনে আসে সেটাই দেখার বিষয়। শেষ অনেক দিন ধরেই ফর্মহীনতায় ভোগা তাওহীদ হৃদয় জায়গা হারাবেন কি না, তাই নিয়ে উঠছে প্রশ্ন। যদি তাই হয়, তাহলে তার জায়গায় দলে ঢুকতে পারেন

শেখ মাহেদী। সেক্ষেত্রে নাসুম আহমেদ, রিশাদ হোসেনকে সঙ্গে নিয়ে তিন বিশেষজ্ঞ স্পিনার খেলাবে বাংলাদেশ।

তা না হলে জায়গা হারাতে হবে নুরুল হাসান সোহানকে। লোয়ার মিডল অর্ডারে তার জায়গায় আসবেন মাহেদী।

এছাড়া একাদশে পরিবর্তন আসার সম্ভাবনা ক্ষীণ। আগের ম্যাচে একাদশের বাকি দশজনের ওপর ভরসা রাখার সম্ভাবনাই বেশি।

বাংলাদেশ একাদশ–
তানজিদ হাসান তামিম, সাইফ হাসান, লিটন দাস, তাওহীদ হৃদয়/নুরুল হাসান সোহান, শামীম পাটোয়ারী, জাকের আলী অনিক, শেখ মাহেদী, রিশাদ হোসেন, নাসুম আহমেদ, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান।

মেহেরপুর বুড়িপোতা ইউনিয়ন পরিষদে বিভিন্ন উপকরণ বিতরণ

২০২৪-২৫ অর্থবছরে এডিপি ও ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠানে ফুটবল, ক্রিকেট সেট, স্যানিটারি ন্যাপকিন, প্রান্তিক কৃষকদের মাঝে স্প্রে মেশিন, প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার এবং দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

এই উপলক্ষে বৃহস্পতিবার বেলা ১২টার সময় বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান ইসমাইল হোসেন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সচিব সানোয়ার হোসেন সানুসহ ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি,

সুবিধাভোগী ও শিক্ষার্থীরা।

বক্তব্যকালে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, আজকের যুব সমাজকে খেলাধুলার মাধ্যমে সৃজনশীল কাজে সম্পৃক্ত করতে পারলেই আমরা মাদকমুক্ত প্রজন্ম গড়ে তুলতে পারবো। শুধু উন্নয়ন কাজ করলেই হবে না, আমাদের মানবিক উন্নয়নেও মনোযোগ দিতে হবে। খেলা শুধু বিনোদন নয়, এটি আত্মনিয়ন্ত্রণ, শৃঙ্খলা ও নেতৃত্ব তৈরির অন্যতম উপায়।

তিনি আরও বলেন, প্রান্তিক কৃষকদের আধুনিক যন্ত্রপাতি দিয়ে সহযোগিতা করা এবং নারীদের আত্মকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন প্রদান সরকারের জনবান্ধব উন্নয়ননীতিরই অংশ। আমরা চাই সবাই উন্নয়নের সুফল ভোগ করুক।

চ্যাম্পিয়ন্স লিগ শুরুর আগেই ধাক্কা খেল বার্সেলোনা

চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের প্রথম ম্যাচে ইংলিশ ক্লাব নিউক্যাসেলের মুখোমুখি হতে যাচ্ছে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা। তবে মাঠে নামার আগেই দুঃসংবাদ পেল কাতালানরা। ইনজুরি থেকে পুরোপুরি সেরে না ওঠায় তরুণ স্প্যানিশ তারকা লামিন ইয়ামালকে পাচ্ছে না তারা।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) দিবাগত রাত ১টায় সেন্ট জেমস পার্কে নিউক্যাসেলের বিপক্ষে মাঠে নামবে বার্সেলোনা। ঘোষিত ২২ সদস্যের দলে নেই ১৮ বছর বয়সী উইঙ্গার ইয়ামাল। তার খেলা নিয়ে আগে থেকেই শঙ্কা থাকলেও শেষ পর্যন্ত সেটিই সত্য হলো।

চলতি মাসের শুরুতে স্পেনের জাতীয় দলের হয়ে বিশ্বকাপ বাছাই ম্যাচ খেলতে গিয়ে হালকা চোট পান ইয়ামাল। ব্যথানাশক নিয়ে মাঠে নামায় চোট আরও জটিল হয়ে ওঠে। ক্যাম্প শেষে বার্সায় ফেরার পর তার কুঁচকিতে ইনজুরি ধরা পড়ে। এই পরিস্থিতিতে তরুণ ফরোয়ার্ডকে অতিরিক্ত ব্যবহারের জন্য জাতীয় দলের প্রতি ক্ষোভ প্রকাশ করেছেন

বার্সা কোচ হ্যান্সি ফ্লিক। ভ্যালেন্সিয়ার বিপক্ষেও তাকে মাঠে নামানো হয়নি।

নিউক্যাসেলের বিপক্ষে ইয়ামালের পাশাপাশি আরও দুই তারকাকে পাচ্ছে না বার্সেলোনা। হ্যামস্ট্রিং ইনজুরিতে ভুগছেন ডিফেন্ডার আলেহান্দ্রো বালদে, আর হাঁটুর চোটের কারণে বাইরে আছেন মিডফিল্ডার গাভি। তবে স্বস্তির খবর হচ্ছে, ডাচ মিডফিল্ডার ফ্রেঙ্কি ডি ইয়ং ফিরছেন দলে।

গত মৌসুমে সেমিফাইনালে ইন্টার মিলানের কাছে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছিল বার্সেলোনা। নতুন মৌসুমে গ্রুপ পর্বে তাদের প্রতিপক্ষ নিউক্যাসল (আওয়ে), পিএসজি (হোম), চেলসি (অ্যাওয়ে), আইনট্রাখট ফ্রাঙ্কফুর্ট (হোম), ক্লাব ব্রুজ (আওয়ে), অলিম্পিয়াকোস (হোম), স্লাভিয়া প্রাহা (আওয়ে) ও কোপেনহেগেন (হোম)।

১০ জনের রিয়ালকে হারের হাত থেকে বাঁচাল এমবাপ্পের জোড়া পেনাল্টি

কিলিয়ান এমবাপ্পের জোড়া পেনাল্টিতে চ্যাম্পিয়নস লিগে জয় দিয়ে যাত্রা শুরু করেছে রিয়াল মাদ্রিদ। মঙ্গলবার রাতে ১৫ বারের রেকর্ড চ্যাম্পিয়নরা ২-১ গোলে ঘুরে দাঁড়িয়ে হারিয়েছে অলিম্পিক মার্শেইকে।

ম্যাচের শুরুটা ভালো ছিল অতিথি মার্শেইয়ের জন্য। মেসন গ্রিনউড বল কাড়েন আর্দা গুলারের কাছ থেকে এবং টিমোথি উইয়াহকে পাস দেন। তিনি ঠান্ডা মাথায় গোলরক্ষক থিবো কোরতোয়ার পাশ দিয়ে বল পাঠান জালে। মার্শেইয়ের জার্সিতে এটাই ছিল তার প্রথম গোল।

এরপরই ম্যাচে উত্তেজনা তৈরি হয়। একের পর এক আক্রমণ চালালেও প্রথমার্ধে গোলের দেখা পায়নি রিয়াল। অবশেষে রদ্রিগো গোয়েসকে

জিওফ্রে কন্দগবিয়া ফাউল করলে পেনাল্টি পায় মাদ্রিদ। সেখান থেকে নির্ভুল শটে গোল করেন এমবাপ্পে।

দ্বিতীয়ার্ধে মার্শেইও চেষ্টা চালিয়ে যায়। পিয়েরে এমেরিক অবামেয়াংয়ের শট অল্পের জন্য বাইরে যায়। পরে কোরতোয়া তাঁকে আরও একবার গোল বঞ্চিত করেন।

এ সময় ম্যাচের রঙ পাল্টে যায় দানি কারভাহালের কারণে। মার্শেইয়ের গোলরক্ষক জেরোনিমো রুইয়ির সঙ্গে ধাক্কাধাক্কিতে জড়িয়ে পড়েন তিনি। মাথা ঠেকিয়ে দেওয়ায় লাল কার্ড দেখেন কারভাহাল। ফলে ১০ জন নিয়ে মাঠে নামতে হয় মাদ্রিদকে।

তবু নাটক বাকি ছিল। ভিনিসিয়ুস জুনিয়রকে থামাতে গিয়েছিলেন মার্শেইয়ের ডিফেন্ডার ফাকুন্ডো মেদিনা। রেফারির মনে হয় বল লেগেছে হাতে, পেনাল্টির বাঁশি বাজান তিনি। সেখান থেকে আবারও গোল করে রিয়ালকে জয়সূচক লিড এনে দেন এমবাপ্পে।

রিয়ালের কোচ জাবি আলোনসোর জন্য এটি ছিল ইউরোপীয় আসরে প্রথম ম্যাচ। সে লড়াইয়ে শেষ পর্যন্ত ২-১ গোলের জয়ে পূর্ণ তিন পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে রিয়াল মাদ্রিদ। এই জয়ে নতুন মৌসুমে ইউরোপীয় অভিযানে শুভ সূচনা হলো তাদের।

আলমডাঙ্গায় সিএইচআর নাইন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গার চিৎলা রুইতনপুর মাঠে সিএইচআর নাইন ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে চিৎলা রুইতনপুর মাঠে এই উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেছিল, তারা হলো বন্দবিল একাদশ ও পাঁচকমলাপুর একাদশ। খেলায় বন্দবিল একাদশ ২ গোল এবং পাঁচকমলাপুর একাদশ ৩ গোল করে। টানটান উত্তেজনায় পাঁচকমলাপুর একাদশ এক গোলে বিজয়ী হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ফরিদুল হক শিপলু, শফিকুল ইসলাম পিন্টু, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, সিএইচআর নাইন ক্লাবের সভাপতি মাহাবুব হাসান মাবুদ, সাধারণ সম্পাদক বেলটু রহমান, সহিদুল ইসলাম প্রমুখ।